

স্মার্ট গ্রন্থাগার, স্মার্ট বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, গণগ্রন্থাগার অধিদপ্তর  
বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, রাজশাহী  
publiclibrary.rajshahidiv.gov.bd

নম্বর: ৪৩.২৬.৫০০০.০০০.২৩.০০৪.২১.১৯

তারিখ: ২৭ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ  
১০ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

### বিজ্ঞপ্তি/নোটিশ

বিষয়: ২১ ফেব্রুয়ারি 'শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস' ২০২৪ উপলক্ষে রচনা ও চিত্রাঙ্কন প্রতিযোগিতা।

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন ও গণগ্রন্থাগার অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, রাজশাহীর উদ্যোগে ২১ ফেব্রুয়ারি 'শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২৪' উপলক্ষে নিম্নোক্ত বিষয়ে রচনা ও চিত্রাঙ্কন প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। আগ্রহী সকলকে যোগ্যতা অনুযায়ী প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য আহ্বান জানানো যাচ্ছে।

#### ক) রচনা প্রতিযোগিতা:

ক্র.	গ্রুপ	শ্রেণি	রচনা প্রতিযোগিতার বিষয়	শব্দসীমা	জমা দেয়ার শেষ সময়
১.	ক	পঞ্চম-অষ্টম	অমর একুশে	১০০০	১৯/০২/২০২৪ খ্রি. সোমবার বিকাল ০৩.০০ টার মধ্যে অত্র গ্রন্থাগারে জমা দিতে হবে
২.	খ	নবম-দ্বাদশ	মাতৃভাষায় বিজ্ঞান চর্চা	১২০০	
৩.	গ	স্নাতক- স্নাতকোত্তর/সর্বসাধারণ	একুশের গান ও কবিতা	১৫০০	

#### খ) চিত্রাঙ্কন প্রতিযোগিতা:

ক্র.	গ্রুপ	শ্রেণি	চিত্রাঙ্কন প্রতিযোগিতার বিষয়	তারিখ ও সময়
১.	ক	শিশু-দ্বিতীয় শ্রেণি	উন্মুক্ত	১৯/০২/২০২৪ খ্রি. সোমবার বিকেল ০২:৩০ মিনিট
২.	খ	তৃতীয়-সপ্তম শ্রেণি		

#### শর্তাবলী:

০১. ছকে বর্ণিত সময়ে অত্র গণগ্রন্থাগারে স্বশরীরে উপস্থিত হয়ে চিত্রাঙ্কন প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে হবে।
০২. রচনা স্বহস্তে A4 সাইজের সাদা কাগজের এক সাইডে লিখতে হবে। উভয় পার্শ্বে লিখলে খাতা বাতিল বলে গণ্য হবে।
০৩. রচনায় ও চিত্রাঙ্কনে অংশগ্রহণকারীর নাম, পিতা ও মাতার নাম, শিক্ষা প্রতিষ্ঠান, ঠিকানা ও মোবাইল নম্বর লিখতে হবে।
০৪. চিত্রাঙ্কন প্রতিযোগিতায় শুধুমাত্র আর্টপেপার সরবরাহ করা হবে। অন্যান্য সরঞ্জাম সঙ্গে করে নিয়ে আসতে হবে।
০৫. চিত্রাঙ্কন প্রতিযোগিতায় বয়স প্রমাণের জন্য জন্মসনদের ফটোকপি সঙ্গে করে নিয়ে এসে জমা দিতে হবে।
০৬. রচনা সরাসরি/ডাকযোগে/কুরিয়ারে পরিচালক, বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, রাজশাহী ঠিকানায় প্রেরণ করা/জমা দেয়া যাবে।
০৭. প্রতিযোগিতা সংক্রান্ত প্রয়োজনে ০১৭২৩-২১৭৭৭৬, ০১৭২৪-৫৯৫৩৭৭, ০১৭১৪-৪৬০৮৩৫ নম্বরে যোগাযোগ করা যাবে।

১০-০২-২০২৪

মোঃ মাসুদ রানা

সহকারী পরিচালক

০২৫৮৮৮৫৭৬৩৪

rajshahidpl@gmail.com

#### বিতরণ জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, গণগ্রন্থাগার অধিদপ্তর;
- ২। পরিচালক, পরিচালক (প্রশাসন ও হিসাব), গণগ্রন্থাগার অধিদপ্তর;
- ৩। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), শিক্ষা ও আইসিটি, জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী এবং
- ৪। প্রাপক: রেজিস্ট্রার/অধ্যক্ষ/সুপার/পরিচালক/প্রধান শিক্ষক/ সভাপতি/সম্পাদক

....., |

